

WORKERS' COMPENSATION COMPLIANCE REQUIREMENTS /

শ্রমিকদের ক্ষতিপূরণ মেনে চলার শর্তাবলি

শ্রমিকদের চলমান ক্ষতিপূরণ

যদি আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ বেনিফিট সংগ্রহ করে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই নিম্নোক্ত ডকুমেন্টগুলো TLC Compliance Unit / TLC কমপ্লায়েন্স ইউনিটের কাছে tlccompliance@tlc.nyc.gov ঠিকানায় ইমেইল করতে হবে। এছাড়া, নীচের ঠিকানায় ডাকযোগে আপনাকে আপনার TLC লাইসেন্স সমর্পণ করতে হবে: 31-00 47th Avenue 3rd Floor, Long Island City, NY 11101, প্রাপক Compliance Unit।

1. আপনি শ্রমিকদের ক্ষতিপূরণ বেনিফিটের জন্য ফাইল দাখিল করেছেন তার প্রমাণের জন্য ডকুমেন্ট দেখান।
2. একজন লাইসেন্সপ্রাপ্ত ডাক্তারের কাছ থেকে মূল চিঠি যাতে উল্লেখ থাকবে যে আপনি শারীরিকভাবে কাজ করার জন্য অনুপযুক্ত। এই চিঠিটি অবশ্যই একজন ডাক্তার কর্তৃক স্বাক্ষরিত ও স্ট্যাম্পকৃত হতে হবে এবং এটি ছয় (6) মাসের অধিক পুরনো হতে পারবে না।

শ্রমিকদের ক্ষতিপূরণে থাকাকালীন আপনি কোন কোন বিষয়ের জন্য দায়বদ্ধ

আপনি কাজ করার জন্য অক্ষম থাকলেও, আপনাকে তারপরেও TLC এর লাইসেন্সের সকল প্রয়োজ্য শর্তাবলি পূরণ করতে হবে। আপনার লাইসেন্সের তথ্যে দ্রুত, সহজে প্রবেশ করতে www.nyc.gov/tlcp ওয়েবসাইটে যান।

যদি আপনার TLC ড্রাইভারস লাইসেন্স নবায়নের জন্য নির্ধারিত হয়, তাহলে নবায়নের শর্তাবলি এবং নবায়নের অতিরিক্ত তথ্যের জন্য TLC এর ওয়েবসাইট <https://www1.nyc.gov/site/tlc/drivers/renew-a-tlc-drivers-license.page> ভিজিট করুন।

দ্রষ্টব্য: যদি আপনার মেয়াদ শেষ হওয়ার তারিখের পর 180 দিনের মধ্যে আপনার নবায়নের শর্তাবলিসমূহ পূরণ করেন, তাহলে আপনাকে \$25.00 বিলম্ব ফি প্রদান করতে হবে।

শ্রমিকদের ক্ষতিপূরণ কিভাবে বন্ধ করতে হবে এবং কাজে ফিরতে হবে

আপনি যখন কাজ করতে অক্ষম ছিলেন, তখন আপনার TLC লাইসেন্স স্থগিত করা হয়েছে। এই স্থগিতাদেশ বাতিল করতে এবং কাজে ফিরে যেতে, আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনি TLC এর সকল শর্তাবলি পূরণ করতে হবে এবং কাজে ফিরে যেতে আপনি শারীরিকভাবে সক্ষম তার প্রমাণ দাখিল করতে হবে। আপনাকে অবশ্যই নীচের তথ্য TLC Compliance Unit / TLC কমপ্লায়েন্স ইউনিটের কাছে tlccompliance@tlc.nyc.gov ঠিকানায় ইমেইল করতে হবে:

1. একজন লাইসেন্সপ্রাপ্ত ডাক্তারের কাছ থেকে মূল চিঠি যাতে উল্লেখ থাকবে যে কোনো প্রতিবন্ধকতা ছাড়াই কাজে ফেরার জন্য আপনি শারীরিকভাবে উপযুক্ত। এই চিঠিটি অবশ্যই একজন ডাক্তার কর্তৃক স্বাক্ষরিত ও স্ট্যাম্পকৃত হতে হবে এবং এটি ছয় মাসের অধিক পুরনো হতে পারবে না।
2. আপনার বিমা কোম্পানি থেকে ডকুমেন্ট যাতে উল্লেখ থাকবে যে শ্রমিকদের ক্ষতিপূরণ সুবিধা শেষ হয়েছে। কিভাবে এই চিঠি সংগ্রহ করা যাবে সেই সম্পর্কে তথ্য পেতে চাইলে, অনুগ্রহ করে শ্রমিকদের ক্ষতিপূরণের ওয়েবসাইট ভিজিট করুন: <http://www.wcb.ny.gov>.

দ্রষ্টব্য: শুধুমাত্র আপনার বিমা কোম্পানি অথবা Workers' Compensation Bureau / শ্রমিকদের ক্ষতিপূরণ ব্যুরো থেকে প্রাপ্ত চিঠি গৃহীত হবে।

3. নতুন প্রমাণপত্র পেতে একটি পূরণকৃত এবং স্বাক্ষরিত প্রমাণপত্র বদলের ফরম (PDF) জমা দিন এখানে https://www1.nyc.gov/assets/tlc/downloads/pdf/req_driver_replace_credentials.pdf. প্রমাণপত্র প্রতিস্থাপনের জন্য পঁচিশ ডলার (\$25.00) ফি রয়েছে। TLC এর Long Island City ফ্যাসিলিটি ভিজিট করতে আপনাকে অবশ্যই TLC এর ওয়েবসাইটের <https://www1.nyc.gov/site/tlc/tlc-online/licensing-standards-appointment-scheduling.page> মাধ্যমে একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে হবে।